DEC 03 1999

দৈনিক সংবাদ

তারিখ DEC 03 1999
পৃষ্ঠা ৫ কলাম ৮

267

## শিক্ষার বিনিময়ে খাদ্যের ডিলার চাল ও গম বিতরণ প্রসঙ্গে

সারা বাংলাদেশের ন্যায় ময়মনসিংহ জেলার নান্দাইল থানার বেতাগৈর ইউনিয়নে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি রয়েছে। সারা ইউনিয়নের বঞ্চিত অবহেলিত শিশুরা শিক্ষার বিনিময় খাদ্য পায়। আর এই শিক্ষার বিনিময়ে খাদ্যের উপর পড়েছে এই ইউনিয়নের কুচক্রী মহলের চক্রান্ত। চক্রান্তকারীরা গত ১৪ই নভেম্বর কে বা কারা চাল ক্রয় করে মধুপুর বাজার হয়ে যাবার পথে উক্ত চাল আটক করে ডিলার কর্তৃক শিক্ষার বিনিময় খাদ্য আত্মসাৎ অভিযোগ এনে থানা নির্বাহী কর্মকর্তার কাছে আবেদন করে। কতিপয় কুচক্রী মহলের চক্রান্তের কারণে নান্দাইল থানার বেতাগৈর ইউনিয়নের অবহেলিত নিঃস্ব শিশুরা তাদের পাওনা থেকে যেন বঞ্চিত না হয় সেদিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের দয়া দৃষ্টি কামনা করছি।

এলাকাবাসীর পক্ষে-
মোঃ আবঃ রাজ্জাক
গ্রাম ও পোঃ- বীরকামাটখালী,
থানা- নান্দাইল,
জেলা- ময়মনসিংহ।